

T DR
31/08/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সম্পত্তি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-২৩৮

তারিখ: ৩১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ
১৬ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়: সড়ক ও জনপথ অধিদপ্তরে প্রেষণে নিয়োজিত এস্টেট ও আইন কর্মকর্তার জন্য অফিস কক্ষ বরাদ্দসহ
সহযোগি স্টাফ পদায়ন/দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র: এ বিভাগের পত্র নম্বর-৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-২০১, তারিখ: ২৬.০৬.২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং ঢাকা, খুলনা ও চট্টগ্রাম জোনে প্রেষণে কর্মরত এস্টেট ও আইন কর্মকর্তাগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ময়মনসিংহ, কুমিল্লা, সিলেট, রাজশাহী, রংপুর, বরিশাল ও গোপালগঞ্জ জোনের অতিরিক্ত দায়িত্ব সূত্রস্থ স্মারকে প্রদান করা হয়েছে। কিন্তু অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত জোনগুলোতে তাঁদের কোনো অফিস বা বসার ব্যবস্থা নেই এবং তাঁদের কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য কোনো স্টাফ পদায়ন/দায়িত্ব প্রদান করা হয়নি। এতে এস্টেট ও আইন কর্মকর্তাগণের ওপর অর্পিত দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে গত ১২.০৭.২০১৮ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. এমতাবস্থায়, সড়ক ও জনপথ অধিদপ্তরে প্রেষণে নিয়োজিত এস্টেট ও আইন কর্মকর্তাদের অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত জোনের (ময়মনসিংহ, কুমিল্লা, সিলেট, রাজশাহী, রংপুর, বরিশাল ও গোপালগঞ্জ) কার্যক্রম পরিচালনার নিমিত্ত অফিস কক্ষ বরাদ্দসহ সহযোগি স্টাফ পদায়ন/দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

31.7.18

(মোঃ গোলাম জিলানী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৭১২৪৩৬০
sasestate@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপি:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩. অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ